



নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড  
নারায়ণগঞ্জ।

[www.ncc.gov.bd](http://www.ncc.gov.bd)

“ শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি ”

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০০৪.২৩(৬).২০৮.১৯/৯২

তারিখ : ১৩/০৩/২০২৩ খ্রিঃ

অফিস আদেশ

১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস- ২০২৩ যথাযথভাবে উদযাপন উপলক্ষে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বর্ণিত কর্মসূচি অনুযায়ী স্ব-স্ব বিভাগ/শাখা প্রধানকে তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং একইসঙ্গে সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তা/কর্মচারী (সকল) কে পুষ্পস্তবক অর্পণের সময় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

ক্র.নং	তারিখ ও সময়	কর্মসূচির বিবরণ	বাস্তবায়নে
১.	১৬.০৩.২০২৩	(১) বঙ্গবন্ধুর ছবি সংবলিত ব্যানার, ফেটুন তৈরী ও দর্শনীয় স্থানে টানানো। (২) নগরভবন ও আঞ্চলিক কার্যালয়সহ নগরীর দর্শনীয় স্থাপনা ও স্থানসমূহে আলোক সজ্জার ব্যবস্থা গ্রহণ।	প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২.	১৬.০৩.২০২৩	২নং রেলগেটস্থ জাতির পিতার ভাস্কর্য প্রাঙ্গনসহ শহর বিশেষভাবে পরিষ্কার-পরিচ্ছন্নকরণ।	বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ ও প্রশাসন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩.	১৭.০৩.২০২৩ সূর্যোদয়ের সাথে সাথে	নগর ভবন, কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন।	নারায়ণগঞ্জ- জনাব মো: জহিরুল আলম, বাজার কর্মকর্তা সিদ্ধিরগঞ্জ- জনাব মো: সাহজাদ ইসলাম, কর আদায়কারী কদমরসুল- জনাব মো: শাহাদাৎ হোসেন, ফুড এন্ড সেনিটেশন অফিসার, এনসিসি।
৪.	১৭.০৩.২০২৩ সকাল ৯.০০ ঘটিকায়	২নং রেলগেটস্থ জাতির পিতার ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র, সম্মানিত কাউন্সিলর (সকল) এবং কর্মকর্তা/ কর্মচারীগণ।
৫.	১৭.০৩.২০২৩ সকাল ১০.০০ ঘটিকায়	শেখ রাসেল পার্কের চারুকলা ইনস্টিটিউটে শিশু সমাবেশ, শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণ।	জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজ কল্যান ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, সমাজ কল্যান বিভাগ, এনসিসি
৬.	১৭.০৩.২০২৩ বাদ আসর	১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২২ উপলক্ষে সিটি কর্পোরেশনের নিম্নবর্ণিত মসজিদে দোয়া, মিলাদ মাহফিল ও তবারক বিতরণ -  মাসদাইরস্থ কেন্দ্রিয় কবরস্থান সিটি জামে মসজিদ	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সম্মানিত কাউন্সিলর এবং নগরভবন ও আঞ্চলিক কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে আবশ্যিকভাবে উক্ত দোয়া, মিলাদ মাহফিলে অংশগ্রহণের জন্য বলা হলো।  নিম্নোক্ত কর্মচারীগণ এ বিষয়ে দায়িত্ব পালন করবেন: ১। জনাব রেজোয়ান সরকার দোলন, সহকারী কর আদায়কারী ২। জনাব মো: জাকির হোসেন, উচ্চমান সহকারী ৩। জনাব মো: মফিজুল ইসলাম, কার্য সহকারী ৪। জনাব মো: মমিনুল হক, অফিস সহকারী ৫। জনাব মো: তারা মিয়া, অফিস সহায়ক, এনসিসি।
৭.	১৭.০৩.২০২৩	চাষাড়াস্থ ডিজিটাল বিল বোর্ডে দিনব্যাপী বঙ্গবন্ধুর উপর নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শন।	জনাব মো: মঈনুল ইসলাম নগর পরিকল্পনাবিদ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

শহিদুল ইসলাম

প্রধান নির্বাহী কর্মকর্তা

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

ফোন-২২৪৪৩৩৪২৩

[ceo@ncc.gov.bd](mailto:ceo@ncc.gov.bd)



স্মারক নং- ৪৬.১৬.০০০০.০০৪.২৩(৬).২০৮.১৯/৯২/১(৫০)

তারিখ : ১৩/০৩/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- ২। জনাব ..... কাউন্সিলর ..... নং ওয়ার্ড, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- ৪। জনাব মো: মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। (এনসিসি ওয়েবসাইটে আপলোড করার জন্য)
- ৫। ....., নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- ৬। পি এ টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। অফিস কপি/গার্ড ফাইল, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।



প্রধান নির্বাহী কর্মকর্তা

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন